# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৯১

১/ বিবিধ

আরবী

من حج بمال حرام فقال: لبيك اللهم لبيك، قال الله عز وجل له: لا لبيك ولا سعديك، وحجك مردود عليك

ضعيف

رواه ابن مردويه في " ثلاثة مجالس من الأمالي " (192/1 ـ 2) ومن طريقه الأصبهاني في " الترغيب " (ص 274 ـ مصورة الجامعة الإسلامية) وابن الجوزي في " منهاج القاصدين " (1/59/1) عن الدجين بن ثابت اليربوعي: أخبرنا أسلم مولى عمر ابن الخطاب عن عمر بن الخطاب مرفوعا

قلت: وهذا إسناد ضعيف، الدجين هذا أورده الذهبي في " الضعفاء " وقال لا يحتج به

وقال في " الميزان ": قال ابن معين: ليس حديثه بشيء، وقال أبو حاتم وأبو زرعة: ضعيف، وقال النسائي: ليس بثقة، وقال الدارقطني وغيره: ليس بالقوي

وذكر المنذري في " الترغيب " (2/114) أن الأصبهاني رواه يعني في " الترغيب " من حديث أسلم مولى عمر بن الخطاب مرسلا

ذكره عقب الحديث الآتي وأشار إلى تضعيفهما

বাংলা

১০৯১। যে ব্যক্তি হারাম সম্পদ দিয়ে হাজ্জ করে বলবেঃ তোমার ডাকে সাড়া দিয়েছি হে আল্লাহ! তোমার ডাকে

সাড়া দিয়েছি। আল্লাহ তা'আলা তাকে বলবেনঃ লাব্বায়কা নয় সাদায়কাও নয়। তোমার হাজ্জ তোমার উপর পরিত্যক্ত।

হাদীসটি দুর্বল।

এটি ইবনু মারদুবিয়াহ "সালাসাতু মাজালেমিস মিনাল আমলী" গ্রন্থে (১৯২/১-২), তার সূত্রে আল-আসবাহানী “আত-তারগীব” গ্রন্থে (পৃঃ ২৭৪) ও ইবনুল জাওযী “মিনহাজুল কাসেদীন” গ্রন্থে (১/৫৯/১) দুজায়েন ইবনু সাবেত ইয়ারবূ’ঈ হতে, তিনি উমর ইবনুল খাত্তাব (রাঃ)-এর দাস আসলাম হতে, তিনি উমার ইবনুল খাত্তাব (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। এ দুজায়েনকে হাফিয যাহাবী "আয-যুয়াফা" গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ তার দ্বারা দলীল গ্রহণ করা যায় না। তিনি “আল-মীযান” গ্রন্থে বলেনঃ ইবনু মাঈন বলেছেনঃ তার হাদীস কিছুই না। আবু হাতিম ও আবু যুর’য়াহ বলেনঃ তিনি দুর্বল। নাসাঈ বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন। দারাকুতনী প্রমুখ বলেনঃ তিনি শক্তিশালী নন। মুনযেরী “আত-তারগীব” গ্রন্থে (২/১১৪) উল্লেখ করেছেন যে, আসবাহানী হাদিসটিকে "আত-তারগীব" গ্রন্থে আসলাম হতে মুরসাল হিসেবে বর্ণনা করেছেন।

[নিম্নের হাদীসটির পরে হাদীসটি উল্লেখ করে তিনি হাদীস দুটিকে দুর্বল হওয়ার দিকে ইঙ্গিত করেছেন।]

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71970

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন